

অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬- ৪৫৯

তারিখঃ ০৮ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
২১ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলার পাড়েরহাট এবং পত্তাশী ইউনিয়নের নির্বাচনের বিষয়ে করণীয় সম্পর্কে মতামত প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয় কার্যালয়ের স্মারক নং-১৮৯, তারিখঃ ২০/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে ইতোপূর্বে পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলার পাড়েরহাট এবং পত্তাশী ইউনিয়নের নির্বাচনের তালিকায় করণিক কারণে ভুলবশতঃ নির্বাচনের তারিখ দেখানো হয়েছে ০২/০৪/২০১২ এবং ০২/০৪/২০১৩ খ্রিঃ। উক্ত ইউনিয়ন দু'টির পূর্ববর্তী নির্বাচনের সঠিক তারিখসহ অন্যান্য তথ্যাদি নিম্নরূপভাবে জেলা প্রশাসক, পিরোজপুর প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)ঃ

ক্রমিক	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	নির্বাচনের তারিখ	প্রথম সভার তারিখ	নির্বাচনের মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ১৮০ দিন শুরু হওয়ার তারিখ	নির্বাচনের তারিখ হতে মেয়াদ শেষের তারিখ (নির্বাচনের তারিখ হতে ৫ বছর)	মন্তব্য (সীমানা সংক্রান্ত/আইনগত জটিলতা আছে কি, না)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	পিরোজপুর	জিয়ানগর	পাড়েরহাট	২/৪/২০১১	৯/৫/২০১১	৫/১০/২০১৫	০১/৪/২০১৬	নাই
২.	পিরোজপুর	জিয়ানগর	পত্তাশী	২/৪/২০১১	৬/৫/২০১১	৫/১০/২০১৫	০১/৪/২০১৬	"

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, পিরোজপুর কর্তৃক প্রেরিত তালিকায় উল্লিখিত তারিখ অনুযায়ী পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলার পাড়েরহাট এবং পত্তাশী ইউপির নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে-বাংলানগর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।